



## ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটি

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে 'জেডার ইকুয়ালিটি টুডে ফর এ সাসটেইনেবল টুমরো' শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন বার্জর পেইন্টস বাংলাদেশের এমডি রূপালী চৌধুরী। এতে আরো বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ জিয়াউল হক মামুন, ফ্যাকাল্টি অব লিবারেল আর্টস অ্যাঙ্গ সোস্যাল সায়েন্সের ডিন অধ্যাপক ড. ফৌজিয়া মান্নান ও ফার্মেসি বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. সুফিয়া ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন।